জয়িতা ফাউন্ডেশন
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা), ২৭৫/জি
রোড নংঃ ১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯।

স্মারক নংঃ জঃ ফাঃ/ সমন্বয় সভা/১৮২/২০১৯- ১১০৫ তারিখঃ ০৭/০১/২০২১

**বিষয়ঃ জয়িতা ফাউন্ডেশনের ডিসেম্বর, ২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

**সভাপতিঃ** আফরোজা খান, ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন
**সভার স্থানঃ** কনফারেন্স রুম, জয়িতা ফাউন্ডেশন
**তারিখ ও সময়ঃ** ৩১/১২/২০২০, সকাল ১১.০০টা

উপস্থিত সদস্যদের হাজিরা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জয়িতা ফাউন্ডেশনের বিভিন্ন শাখার কার্যক্রমের বর্তমান অগ্রগতি ও ভবিষ্যৎ করণীয় সম্পর্কে আলোচনা হয়। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গার্ডফাইল তৈরি এবং কমন সার্ভিস অফিসারদের কর্মবন্টন সংক্রান্ত | জয়িতা ফাউন্ডেশনের সকল কর্মকর্তা-কর্মচারীদের সময়মত অফিসে উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করার ব্যাপারে আলোচনা করা হয়। জনাব আফজাল মোল্যা, সহকারী ব্যবস্থাপক, প্রশাসন শাখা সকলকে অবহিত করেন যে, ১ জানুয়ারী,২০২১ তারিখ হতে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করা হবে। এছাড়া চিঠিপত্র সংরক্ষণের জন্য একটি গার্ডফাইল তৈরির ব্যাপারে আলোচনা করা হয়। সহকারী ব্যবস্থাপক, প্রশাসন শাখা আরো জানান, ব্যবস্থাপনা পরিচালকের পিএ কর্তৃক চিঠিপত্র সংরক্ষণের জন্য একটি গার্ডফাইল তৈরি করা হয়েছে। | ১. ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. চিঠিপত্র সংরক্ষণের জন্য গার্ডফাইল নিয়মিত হালনাগাদ করতে হবে।<br><br>৩. কমন সার্ভিস অফিসারদের কর্মবন্টন তৈরি করতে হবে। | ১. পরিচালক-১<br>২. সহকারী ব্যবস্থাপক, প্রশাসন শাখা |
| ২ | সীড ক্যাপিটালের ৮০% এর সুদের অর্থ ব্যয় ব্যবস্থাপনা সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, বোর্ড সভায় জয়িতা ফাউন্ডেশনের সীড ক্যাপিটালের ব্যয় ব্যবস্থাপনা এবং ৮০% এর সুদের অর্থ ব্যয়ের জন্য একটি গাইডলাইন তৈরির বিষয়ে আলোচনা করা হয়। এ ব্যাপারে বোর্ড অব গভর্নরসের ১৬শ সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | ১. বোর্ড অব গভর্নরসের ১৬শ সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সীড ক্যাপিটালের ব্যয় ব্যবস্থাপনার জন্য কমিটি গঠনের ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. পরিচালক-১<br>২. সহকারী ব্যবস্থাপক, আর্থিক ব্যবস্থাপনা শাখা |
| ৩ | ই-নথি সংক্রান্ত | সভায় ই-নথির ব্যবহার করার জন্য সকলকে অনুরোধ জানানো হয় এবং জয়িতা ফাউন্ডেশনের ওয়েবসাইটটি নিয়মিত তদারকি ও হালনাগাদ করার ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | ১. জয়িতা ফাউন্ডেশনের ওয়েবসাইট নিয়মিত তদারকি ও হালনাগাদ করতে হবে। | ১. পরিচালক-২<br>২. সহকারী ব্যবস্থাপক, আই সি টি শাখা |
| ৪ | মাসিক উন্নয়ন সভা সংক্রান্ত | প্রতিমাসে জয়িতা ফাউন্ডেশনের ২টি প্রকল্প-জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প, জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প ও জয়িতার খাদ্যজাত ব্যবসা সম্প্রসারণ কর্মসূচির মাসিক উন্নয়ন সভা করার আয়োজন করার ব্যাপারে আলোচনা করা হয়। | ১. জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে প্রতি মাসে জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প, জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প ও জয়িতার খাদ্যজাত ব্যবসা সম্প্রসারণ কর্মসূচির | ১. পরিচালক-২<br>২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | মাসিক উন্নয়ন সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | 'অ্যাপ' ভিত্তিক সিস্টেম সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক জানান জয়িতা ফাউন্ডেশনের অফিস কর্তৃক উদ্যোক্তাদের বিভিন্ন নোটিশ প্রদানের জন্য 'অ্যাপ' ভিত্তিক সিস্টেম চালু করতে হবে। তিনি আরো বলেন, জয়িতা ইনকিউবেশন সেন্টারে নারী উদ্যোক্তাদের জন্য একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ১. নোটিশ প্রদানের জন্য App ভিত্তিক সিস্টেম চালু করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. জয়িতা ইনকিউবেশন সেন্টারে জয়িতার খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ কর্মসূচির নারী উদ্যোক্তাদের জন্য একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ১. পরিচালক-১<br>২. সহকারী ব্যবস্থাপক, বিপণন, প্রমোশন ও সম্প্রসারণ |
| ৬ | গ্যালারি স্থাপন সংক্রান্ত | সভায় জয়িতা ফাউন্ডেশনের অফিসে একটি গ্যালারি স্থাপনের পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হয়। ব্যবস্থাপনা পরিচালক, পরামর্শক জনাব চন্দ্রশেখর সাহার সাথে আলোচনা করে ফাউন্ডেশনের অফিসে একটি গ্যালারি স্থাপনের প্ল্যান প্রস্তুত করে ব্র্যান্ডিং এর জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে বলেন। | ১. পরামর্শক জনাব চন্দ্রশেখর সাহার সাথে আলোচনা করে ফাউন্ডেশনের অফিসে একটি গ্যালারি স্থাপনের প্ল্যান প্রস্তুত করে ব্র্যান্ডিং এর জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে হবে। | ১. পরিচালক-১<br>২. সহকারী ব্যবস্থাপক, কারুশিল্প শাখা |
| ৭ | ব্র্যান্ডিং কার্যক্রম সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক জয়িতা বিপণন কেন্দ্রের ব্র্যান্ডিং কার্যক্রম এবং জয়িতার পণ্যের ফটোগ্রাফি বিষয়ে জানতে চান। এ ব্যাপারে জনাব মাসুদা খাতুন, পরিচালক-১ জানান, ফটোগ্রাফির কাজ সম্পন্ন হয়েছে। পরামর্শক বিভিন্ন ক্যাটাগরিতে ৬টি ফোল্ডারে ফটোগ্রাফ হস্তান্তর করবেন। ইতিমধ্যে ৪টি ফোল্ডার দেয়া হয়েছে। আরো ২টি শীঘ্রই জমা দেয়া হবে।<br><br>এছাড়াও জয়িতা বিপণন কেন্দ্রের Information Board এবং জয়িতা ফাউন্ডেশনের সম্মেলন কক্ষের বাইরের দেয়ালে ব্র্যান্ডিং বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ১. রূপা প্লাজায় জয়িতা'র ৪র্থ ও ৫ম তলার ভিতরের ব্র্যান্ডিং এর কাজ এবং ফটোগ্রাফি সংক্রান্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২. জয়িতা বিপণন কেন্দ্রের Information Board তৈরির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩. জয়িতা ফাউন্ডেশনের সম্মেলন কক্ষের বাইরের দেয়ালে ব্র্যান্ডিং বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. পরিচালক-১<br>২. সহকারী ব্যবস্থাপক প্রমোশন শাখা |
| ৮ | জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত | জনাব লুৎফুন নাহার খানম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, প্রশিক্ষণ ও মানব সম্পদ শাখা সভাকে অবহিত করেন যে, জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের আওতায় কার ড্রাইভিং এবং ডে কেয়ার (চাইল্ড কেয়ার) এর প্রশিক্ষণের জন্য পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে আবেদন চাওয়া হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক জানান, কার ড্রাইভিং এবং ডে কেয়ার (চাইল্ড কেয়ার) এর প্রশিক্ষণের জন্য আবেদন পাওয়ার পর পরবর্তী কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | ১. কার ড্রাইভিং এবং ডে কেয়ার (চাইল্ড কেয়ার) এর প্রশিক্ষণের জন্য আবেদন পাওয়ার পর পরবর্তী কার্যক্রমের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পরিচালক-২<br>২. প্রশিক্ষণ ও মানব সম্পদ শাখা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

আর কোন আলোচনা না থাকায় ব্যবস্থাপনা পরিচালক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আফরোজা খান
ব্যবস্থাপনা পরিচালক
জয়িতা ফাউন্ডেশন

কার্যার্থে বিতরণঃ

১. প্রকল্প পরিচালক, জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প
২. প্রকল্প পরিচালক, জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প
৩. পরিচালক-১, জয়িতা ফাউন্ডেশন ও পরিচালক-২, জয়িতা ফাউন্ডেশন
৪. সহকারী ব্যবস্থাপক (সকল) জয়িতা ফাউন্ডেশন/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সংযুক্ত) জয়িতা ফাউন্ডেশন
৫. সহকারী ব্যবস্থাপক (আইসিটি শাখা) জয়িতা ফাউন্ডেশন ( ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)
৬ কমন সার্ভিসেস অফিসার (সকল).........জয়িতা ফাউন্ডেশন
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়িতা বিপণন কেন্দ্র
৮. পি এ টু ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।